আমার দেশ শুক্রবার ১৩ নভেম্বর ২০২৬

North South University Library ★1992★

আলোচনা সভায় রিজভী

নাশকতার চেষ্টা চালানো হলে জনগণই তা প্রতিরোধ করবে

স্টাফ রিপোর্টার

দেশের গণতান্ত্রিক পরিবেশ বিনষ্ট ও অস্থিতিশীলতা সৃষ্টিতে অপশক্তি আবার মাথাচাড়া দেওয়ার চেষ্টা করছে বলে মন্তব্য করেছেন বিএনপির ভারপ্রাপ্ত মহাসচিব ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা রুহুল কবির রিজভী। তিনি বলেছেন, জনসমর্থনহীন কোনো অপচেষ্টা কখনো টিকতে পারে না। পরিকল্পিতভাবে নাশকতার চেষ্টা চালানো হলে জনগণই তা প্রতিরোধ করবে।

গতকাল বৃহস্পতিবার রাজধানীর বসুন্ধরায় নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) প্রাঙ্গণে জাতীয় বিপ্লব ও সংহতি দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

উপাচার্য অধ্যাপক আবদুল হান্নান চৌধুরীর সভাপতিত্বে সভায় মুখ্য আলোচক ছিলেন জাতীয় অধ্যাপক ড. মাহবুব উল্লাহ। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন এনএসইউর বোর্ড অব ট্রাস্টিজের সদস্য এমএ কাশেম ও বেনজীর আহমেদ। স্বাগত বক্তব্য দেন উপউপাচার্য অধ্যাপক নেছার ইউ আহমেদ। সভায় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে বিগত সরকারের সমালোচনা করে রিজভী বলেন, অর্থপাচার ও দেশবিরোধী অপতৎপরতার পাশাপাশি সাম্প্রতিক আন্দোলনে নেতৃত্ব দেওয়া ছাত্রনেতাদের বাড়িতে হামলার মতো ঘটনা ঘটানো হচ্ছে। তবে এ ধরনের কৃত্রিম অস্থিতিশীলতা দীর্ঘস্থায়ী হবে না।

তিনি বলেন, ১৯৭৫ সালের ৭ নভেম্বর আধিপত্যবাদী শক্তির বিরুদ্ধে স্বাধীনতা-সার্বভৌমত্ব রক্ষার আকাঙ্ক্ষায় সিপাহি-জনতা রাজপথে নেমেছিল। এর মধ্য দিয়ে বহুদলীয় গণতন্ত্র ও মতপ্রকাশের স্বাধীনতা ফিরে আসে। একই চেতনায় ১৯৯০ ও ২০২৪ সালের গণঅভ্যুত্থানে মানুষ ফ্যাসিবাদের বিরুদ্ধে রুখে



রুহুল কবির রিজভী

দাঁড়ায়। ঐক্যবদ্ধ জনগণ যেকোনো বৃহৎ শক্তিকে প্রতিরোধ করতে পারে।

বিগত দেড় দশকের শাসনামলের সমালোচনা করে তিনি বলেন, একদলীয় শাসন, গুম, খুন ও মতপ্রকাশের স্বাধীনতা হরণের মাধ্যমে ভয়ের পরিবেশ তৈরি করা হয়েছিল। সামাজিক যোগাযোগমাধ্যমে সমালোচনামূলক পোস্টে লাইক দেওয়ার কারণেও নারীসহ সাধারণ মানুষকে গ্রেপ্তার করা হয়েছে। এমন পরিস্থিতির পুনরাবৃত্তি ঠেকাতে স্থায়ী ও ভয়হীন গণতান্ত্রিক পরিবেশ গড়ে তুলতে হবে।

রিজভী বলেন, জার্মানিতে হিটলারের আমলে বুদ্ধিজীবীদের ফ্যাসিবাদের পক্ষে অবস্থান নেওয়ার মতো বাংলাদেশেও অনেকে বিগত সরকারের পক্ষে কাজ করেছেন।

বদরুদ্দীন উমরকে বিশ্ববিদ্যালয়ে শিক্ষকতায় ফিরতে না দেওয়ার প্রসঙ্গ টেনে তিনি বলেন, প্রকৃত শিক্ষা শুধু সনদ নয়; বিবেক, মনুষ্যত্ব ও দুঃসময়ে সত্যের পক্ষে দাঁড়ানোর মধ্যেই শিক্ষার সার্থকতা।